ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসারের কার্যালয়
ঢাকা ক্যান্টনমেন্ট
ঢাকা
======

ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ০২-০৭-৯৮ইং তারিখের সভার কার্যবিবরণী।
==========================================

ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বোর্ড সভা ০২-০৭-৯৮ইং তারিখ বেলা ১০-০০ ঘটিকায় ক্যান্টনমেন্ট বোর্ড অফিসে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন কর্ণেল আবদুস সালাম চৌধুরী, প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড ও স্টেশন কমান্ডার, ঢাকা ক্যান্টনমেন্ট। সভায় সদস্যবৃন্দের উপস্থিতি ছিল নিম্নরূপ :-

১। ব্রিগেডিয়ার আহমেদ আলী - সদস্য - অনুপস্থিত
এস এই এম ও
অধিনায়ক
সম্মিলিত সামরিক হাসপাতাল
ঢাকা সেনানিবাস।

২। ক্যাপ্টেন শহীদুজ্জামান খান(জি)(সিডি), পিএসসি - সদস্য - উপস্থিত
অধিনায়ক
বি এন এস হাজী মহসীন
ঢাকা সেনানিবাস।

৩। গ্রুপ ক্যাপ্টেন মোঃ নওশাদুল হক - সদস্য - উপস্থিত
অধিনায়ক (প্রশাসনিক শাখা)
বিমান বাহিনী ঘাটি বাশার
ঢাকা সেনানিবাস।

৪। লেঃ কর্ণেল হাসান রুহান রাব্বী - সদস্য - উপস্থিত
সি এম ই এস (আর্মি)
ঢাকা সেনানিবাস।

৫। জনাব মোঃ আজিজ খান - সদস্য - অনুপস্থিত
১৪/এ, ক্যান্টনমেন্ট আবাসিক এলাকা
ঢাকা সেনানিবাস।

৬। লেঃ কর্ণেল (অবঃ) মোঃ সামসুদ্দিন আহমেদ - সদস্য - উপস্থিত
৩৪৬, ডি ও এইচ এস, জোয়ারসাহারা
ঢাকা সেনানিবাস।

৭। জনাব মোঃ জহিরুল হক - সদস্য - অনুপস্থিত
সহকারী কমিশনার ও ম্যাজিস্ট্রেট
জেলা প্রশাসকের দপ্তর, ঢাকা।

৮। জনাব শফিক আলম মেহেদী - সেক্রেটারী - উপস্থিত
ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার
ঢাকা ক্যান্টনমেন্ট।

উপরোল্লিখিত বোর্ড সদস্য ব্যতীত নিম্নোক্ত কর্মকর্তা বোর্ড সভায় উপস্থিত ছিলেন :-

(১) মেজর মোঃ আবদুর রশিদ আকন্দ
এস এইচ ও
ঢাকা সেনানিবাস।

উপস্থিত সদস্যবর্গকে স্বাগত জানাইয়া সভাপতি সভার কাজ আরম্ভ করেন। সভার আলোচ্যসূচীর উপর বিস্তারিত আলোচনান্তে নিম্নেবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয় :-

**প্রস্তাব নং-১ঃ** বিগত ১০-৫-৯৮ইং তারিখে অনুষ্ঠিত বোর্ড সভার কার্যবিবরণী পর্যালোচনা ও অনুমোদন।

**গৃহীত সিদ্ধান্তঃ** বিগত ১০-৫-৯৮ইং তারিখে অনুষ্ঠিত বোর্ড সভার কার্যবিবরণী পর্যালোচনান্তে অনুমোদিত হইল।

**প্রস্তাব নং-২ঃ** ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের এপ্রিল'৯৮ইং এবং মে'৯৮ইং মাসের আয়-ব্যয় সম্পর্কীয় হিসাব বিবরণী অবহিত হওয়া।

**গৃহীত সিদ্ধান্তঃ** ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের এপ্রিল'৯৮ইং এবং মে'৯৮ইং মাসের আয়-ব্যয় সম্পর্কীয় হিসাব বিবরণী অবহিত হওয়া গেল।

২য় পৃঃ দ্রঃ

প্রস্তাব নং-৩ঃ এপ্রিল'৯৮ইং এবং মে'৯৮ইং মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবহিত হওয়া ।

গৃহীত সিদ্ধান্তঃ এপ্রিল'৯৮ইং এবং মে'৯৮ইং মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবহিত হওয়া গেল। মশক নিধন কার্যক্রম আরো জোরদার করার জন্য স্টেশন হেলথ অর্গানাইজেশনকে পত্র লেখা হউক ।

প্রস্তাব নং-৪ঃ ঢাকা ক্যান্টনমেণ্ট বোর্ডের ১৯৯৮-৯৯ আর্থিক সালের বাজেট পর্যালোচনা ও অনুমোদন।

গৃহীত সিদ্ধান্তঃ ঢাকা ক্যান্টনমেণ্ট বোর্ডের ১৯৯৮-৯৯ আর্থিক সালের প্রস্তাবিত বাজেট বোর্ড সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হইল। তাহাছাড়া 'ক-২' খাতের প্রস্তাবিত সহকারী সচিব গ্রেড-২, স্টোর অফিসার ও হিসাব রক্ষণ অফিসার গ্রেড-২ পদ ০৩(তিন)টি সৃষ্টিপূর্বক সংশ্লিষ্ট পদসমূহের বিপরীতে ঢাকা ক্যান্টনমেণ্ট বোর্ডে বর্তমানে কর্মরত কর্মচারীত্রয়ের অভিজ্ঞতা, দক্ষতা ও সন্তোষজনক কর্মসম্পাদনের নিরিখে তাহাদেরকে পদোন্নতি প্রদানের সুপারিশ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হইল ।

প্রস্তাব নং-৫ঃ ঢাকা ক্যান্টনমেণ্ট বোর্ডের ১৯৯৭-৯৮ আর্থিক সালের সংশোধিত বাজেট পর্যালোচনা ও অনুমোদন ।

গৃহীত সিদ্ধান্তঃ ঢাকা ক্যান্টনমেণ্ট বোর্ডের ১৯৯৭-৯৮ আর্থিক সালের সংশোধিত বাজেট বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হইল ।

প্রস্তাব নং-৬ঃ আদমজী কলেজ ও স্কুলের নিকট ৮(আট)টি ফ্ল্যাটের ভাড়া নির্ধারণের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। ইহার উপর কলেজের ২৫-৫-৯৮ইং তারিখের এসিসি/৬-ক নং পত্র এবং বিগত ২৭-৮-৯২ইং তারিখের ১৪ নং বোর্ড সিদ্ধান্ত উপস্থাপন করা হইল (৫০০/-টাকা হারে জুন'৯৬ইং পর্যন্ত দেওয়া আছে)।

গৃহীত সিদ্ধান্তঃ বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনা হইল। আলোচনান্তে উক্ত বিষয়ে নিরীক্ষা আপত্তি নিষ্পত্তি না হওয়া পর্যন্ত আদমজী কলেজ ও স্কুলের নিকট ৮(আট)টি ফ্ল্যাটের ভাড়া পূর্বের ধার্যকৃত মাসিক ৫০০/-(পাঁচশত)টাকা হারে আদায় করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হইল ।

প্রস্তাব নং-৭ঃ কর রিভিউ কমিটি কর্তৃক ২৮-৫-৯৮ইং তারিখে ডি ও এইচ এস বনানীস্থ '৯৪/এ নং বাড়ীর গৃহকরের বিষয়টি চূড়ান্ত করা হইয়াছে। এই বিষয়ে অবহিত/অনুমোদনের নিমিত্তে পেশ করা হইল ।

গৃহীত সিদ্ধান্তঃ গত ২৮-৫-৯৮ইং তারিখে কর রিভিউ কমিটি কর্তৃক ডি ও এইচ এস বনানীস্থ '৯৪/এ' নং বাড়ীর গৃহকর নির্ধারনের বিষয়টি অবহিত হওয়া গেল এবং সর্বসম্মতিক্রমে অনুমোদিত হইল ।

প্রস্তাব নং-৮ঃ রজনীগন্ধা সুপার মার্কেটস্থ টেম্পু স্ট্যান্ড ১৯৯৮-৯৯ সনের জন্য ইজারা প্রদানের নিমিত্তে পত্রিকায় প্রকাশিত বিজ্ঞপ্তি মোতাবেক ১৮-৬-৯৮ইং তারিখে সীলমোহরকৃত প্রাপ্ত সর্বোচ্চ ১,৬১,০০০/-(একলক্ষ একষট্টি হাজার)টাকার দরপত্রের উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

গৃহীত সিদ্ধান্তঃ রজনীগন্ধা সুপার মার্কেটস্থ টেম্পু স্ট্যান্ড ১৯৯৮-৯৯ আর্থিক সালের ইজারার জন্য ০৬-৬-৯৮ইং তারিখে পত্রিকায় প্রকাশিত বিজ্ঞপ্তি মোতাবেক জনাব মজিবুর রহমান, পিতা- হাজী আলী আহমেদ, ১১২৮, ইব্রাহীমপুর, ঢাকা ক্যান্টনমেণ্ট কর্তৃক দাখিলকৃত সর্বোচ্চ ১,৬১,০০০/-(এক লক্ষ একষট্টি হাজার)টাকার দর সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হইল। চূড়ান্ত অনুমোদনের জন্য বিষয়টি সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হউক।

প্রস্তাব নং-৯ঃ ডি ও এইচ এস মহাখালীস্থ হযরত কালাশাহ বাবার মাজার সংলগ্ন ০.৪৪ একর এবং বনানী কবরস্থান সংলগ্ন ০.৭২ একর জমি নার্সারীর জন্য ০১-৭-৯৮ হইতে ৩০-৬-২০০১ সন পর্যন্ত ৩(তিন) বৎসরের ইজারার নিমিত্তে বিজ্ঞপ্তি মোতাবেক ২৫-৬-৯৮ইং তারিখে সীলমোহরকৃত প্রাপ্ত সর্বোচ্চ ১,০৫,০০০/-(এক লক্ষ পাঁচ হাজার টাকা ও ৯৯,০০০/-(নিরানব্বই হাজার)টাকার দরপত্রের উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ।

৩য় পৃঃদ্রঃ

**গৃহীত সিদ্ধান্তঃ** ডি ও এইচ এস মহাখালীস্থ হযরত কালাশাহ বাবার মাজার সংলগ্ন ০.৪৩ একর এবং বনানী কবরস্থান সংলগ্ন ০.৭২ একর জমি নার্সারীর জন্য ০১-৭-৯৮ইং হইতে ৩০-৬-২০০১ সন পর্যন্ত তিন বৎসর মেয়াদে ইজারার নিমিত্তে প্রদত্ত বিজ্ঞপ্তি মোতাবেক মেসার্স তরু কুঞ্জ নার্সারী (প্রাঃ) লিঃ কর্তৃক দাখিলকৃত সর্বোচ্চ ১,০৫,০০০/-(এক লক্ষ পাঁচ হাজার)টাকা এবং ৯৯,০০০/-(নিরানব্বই হাজার) টাকার দর সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হইল। চূড়ান্ত অনুমোদনের জন্য বিষয়টি সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হউক।

**প্রস্তাব নং-১০ঃ** রজনীগন্ধা সুপার মার্কেটের 'এ' ব্লকের **দোতলায়** নির্মিতব্য ১২'-০"X২৬'-৯" বিশিষ্ট তিনটি পাকা দোকান ৫(পাঁচ) বৎসরের জন্য ইজারার নিমিত্তে বিজ্ঞপ্তি মোতাবেক ২৫-৬-৯৮ইং তারিখে অনুষ্ঠিত প্রকাশ্য নিলাম ডাকে সর্বোচ্চ দরের উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

(ক) ১১০ নং দোকানের সর্বোচ্চ ডাক = ২,৭৮,০০০/-(দুই লক্ষ আটাত্তর হাজার)টাকা।
(খ) ১১১ নং দোকানের সর্বোচ্চ ডাক = ২,৭৬,০০০/-(দুই লক্ষ ছিয়াত্তর হাজার)টাকা।
(গ) ১১২ নং দোকানের সর্বোচ্চ ডাক = ২,৮০,০০০/-(দুই লক্ষ আশি হাজার)টাকা।

**গৃহীত সিদ্ধান্তঃ** বিষয়টি সম্পর্কে সভায় বিস্তারিত আলোচনা হইল। প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড, ঢাকা সেনানিবাসের ০৭-০৬-৯৮ইং তারিখের সিদ্ধান্তক্রমে রজনীগন্ধা সুপার মার্কেটের 'এ' ব্লকের দোতলায় নির্মিতব্য প্রতিটি ১২'X২৬' বিশিষ্ট তিনটি দোকান ৫(পাঁচ) বৎসর মেয়াদে ইজারা প্রদানের জন্য স্থানীয়ভাবে বিজ্ঞপ্তি প্রচার করা হয়। উক্ত বিজ্ঞপ্তি মোতাবেক গত ২৫-৬-৯৮ইং তারিখে অনুষ্ঠিত নিলামের নিম্নবর্ণিত সর্বোচ্চ ডাক নিম্নোক্ত শর্তাবলীর ভিত্তিতে সর্বসম্মতিক্রমে অনুমোদিত হইল ঃ-

| দোকান নং | সর্বোচ্চ ডাককারীর নাম ও ঠিকানা | | সর্বোচ্চ ডাকের পরিমাণ |
|---|---|---|---|
| ১১০ | মেজর (অবঃ) জাফর উল্লাহ খান<br>৬৪/৩, আর কে মিশন রোড<br>গোপীবাগ, ঢাকা। | = | ২,৭৮,০০০/-টাকা |
| ১১১ | ডাঃ সেলিমুজ্জামান<br>৬৬৫, ইব্রাহীমপুর<br>ঢাকা সেনানিবাস<br>ঢাকা-১২০৬। | = | ২,৭৬,০০০/- " |
| ১১২ | মেজর (অবঃ) সুরঞ্জন দাস<br>প্লট নং-১, রোড নং-৩,<br>সেকশন-৭, মিরপুর,<br>ঢাকা। | = | ২,৮০,০০০/- " |

চূড়ান্ত অনুমোদনের জন্য বিষয়টি সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হউক।

শর্তাবলী

(১) দোকান বরাদ্দের মেয়াদ বরাদ্দের তারিখ হইতে পাঁচ বৎসর যাহা মেয়াদান্তে পুনরায় বোর্ড কর্তৃক নবায়নযোগ্য।

(২) উক্ত দোকান ডাক্তার চেম্বার/ফার্মেসী হিসাবে ব্যবহৃত হইবে। ব্যবসার ধরন পরিবর্তন করিতে হইলে বোর্ডের পূর্বানুমতি নিতে হইবে।

(৩) দোকানের মাসিক ভাড়া প্রতি বর্গফুটের জন্য ৩.০০ (তিন) টাকা হারে বলবৎ হইবে।

(৪) বাজারের অন্যান্য দোকানের ক্ষেত্রে প্রযোজ্য শর্তাবলীও এই তিনটি দোকানের বেলায় প্রযোজ্য হইবে।

**প্রস্তাব নং-১১ঃ** রজনীগন্ধা সুপার মার্কেটে বৎসর ভিত্তিক ইজারা প্রদত্ত চারটি বেকারীর ইজারা মেয়াদ ১৯৯৮-৯৯ সালের জন্য নবায়নের ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণ।

**গৃহীত সিদ্ধান্তঃ** রজনীগন্ধা সুপার মার্কেটে বৎসর ভিত্তিক ইজারা প্রদত্ত চারটি বেকারীর ইজারা মেয়াদ সাবেক বরাদ্দলাভকারীদের আবেদনের প্রেক্ষিতে যথানিয়মে ১৯৯৮-৯৯ সালের জন্য বর্ধিত করার বিষয়টি সর্বসম্মতিক্রমে অনুমোদিত হইল।

৪র্থ পৃঃদ্রঃ

**প্রস্তাব নং-১২ঃ** রজনীগন্ধা সুপার মার্কেটের পাকা ব্লকের পূর্ব পার্শ্বে দোতলায় উঠার সিঁড়ি নির্মাণের জন্য অস্থায়ী 'এ/১১০' নং দোকানের মালিকের নিকট দোকানটি সরাইয়া নেওয়ার জন্য পত্র ইস্যু করা হইলে বর্তমান মালিক জনাব মতিউর রহমান ভুঁইয়া আদালতে মামলা দায়ের করিলে আদালত কর্তৃক ২৩-৭-৯৮ইং পর্যন্ত স্থিতাবস্থায় রাখার আদেশ জারী করেন। এতদ্ব্যাপারে পরবর্তী সিদ্ধান্ত গ্রহণ ।

**গৃহীত সিদ্ধান্তঃ** বিষয়টি সম্পর্কে বোর্ড সভায় বিস্তারিত আলোচনা হইল। উর্ধতন সামরিক কর্তৃপক্ষের নির্দেশে বর্তমানে বাজারে বেশ কিছু উন্নয়নমূলক প্রকল্প হাতে নেওয়া হইয়াছে। উক্ত প্রকল্পসমূহের মধ্যে রজনীগন্ধা সুপার মার্কেটের পাকা ব্লকের পূর্ব প্রান্তে দোতলায় উঠার সিঁড়ি নির্মাণও অন্তর্ভুক্ত রহিয়াছে। জরুরী ভিত্তিতে উক্ত প্রকল্পের কাজ সম্পন্ন করার জন্য প্রয়োজনীয় সকল পদক্ষেপ ইতোমধ্যে গ্রহণ করা হয়। উক্ত প্রকল্পটির চূড়ান্ত বাস্তবায়নের অব্যবহিত পূর্বে হঠাৎ করিয়া আলোচ্য দোকানের মালিক কর্তৃক বোর্ডের এই উন্নয়নমূলক কাজে এই ধরনের বিঘ্ন সৃষ্টির বিষয়টি সভা উদ্বেগের সাথে লক্ষ্য করে। যেহেতু, বিষয়টি বর্তমানে আদালতের এক্তিয়ারাধীন, সেহেতু, উক্ত বিষয়ে আদালতের রায় না পাওয়া পর্যন্ত সংশ্লিষ্ট প্রকল্পের সকল কাজ স্থগিত থাকিবে বলিয়া বোর্ড সর্বসম্মত সিদ্ধান্ত গ্রহণ করে। সংশ্লিষ্ট নথিপত্রাদি হইতে উক্ত দোকানের মালিকের প্রকৃত পরিচয় অনুসন্ধান করিয়া জানা যায় যে, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের সাবেক রেভিনিউ অফিসার জনাব মোঃ মোস্তফা ভুঁইয়া (বর্তমানে সহঃসচিব, গাজীপুর ক্যান্টনমেন্ট বোর্ড) অত্র দপ্তরে কর্মরত থাকাকালীন সময় তাহার উপর নির্ভরশীল তদীয় ছেলে মতিউর রহমান ভুঁইয়ার নামে রজনীগন্ধা সুপার মার্কেটে 'এ/১১০' নং দোকানটি ২,৫০,০০০/- দুই লক্ষ পঞ্চাশ হাজার টাকায় খরিদ করিয়াছেন। কিন্তু রেকর্ডে খরিদকারীর পিতার নাম ও ঠিকানা গোপন করিয়া এম এম ভুঁইয়া (মোঃ মোকসেদ ভুঁইয়া) গ্রাম-বোরদা, ডাকঘর-জয়দেবপুর, জেলা-গাজীপুর বলিয়া উল্লেখ করা হয়। বাজারের উন্নয়নমূলক কর্মকান্ডের অংশ হিসাবে উক্ত স্থানে বোর্ড সভার সিদ্ধান্তক্রমে একটি সিঁড়ি নির্মাণের লক্ষ্যে দোকানটি সরাইয়া নেওয়ার জন্য জনাব মতিউর রহমান ভুঁইয়াকে লিখিতভাবে জানানো হয় এবং উক্ত পত্রে বোর্ড কর্তৃক অস্থায়ীভাবে একটি বিকল্প দোকানের স্থান দেওয়া হইবে বলিয়া উল্লেখ করা হয়। কিন্তু তিনি বোর্ডের পত্রটি উপেক্ষা করিয়া বোর্ডের বিরুদ্ধে মাননীয় আদালতে মামলা দায়ের করেন। বোর্ড সভা সম্পূর্ণ বিষয়টিকে বোর্ডের স্বার্থের পরিপন্থী একটি প্রতারণামূলক কাজ বলিয়া অভিহিত করে এবং প্রায় ৬(ছয়) বৎসর ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে একটি দায়িত্বশীল পদে থাকিয়া স্বীয় স্বার্থে নানা ধরনের অবৈধ কাজকর্মের জন্য বোর্ডের প্রাক্তন রেভিনিউ অফিসার জনাব মোঃ মোস্তফা ভুঁইয়ার বিরুদ্ধে প্রয়োজনীয় তদন্তপূর্বক বিভাগীয় শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের নিমিত্তে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরকে অনুরোধ জানানোর সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হইল ।

**প্রস্তাব নং-১৩ঃ** শহীদ রমিজ উদ্দিন স্কুলের পূর্ব ব্লকের জন্য দরজা তৈয়ারী ও স্থাপনের নিমিত্তে ৫০,৮৪৯/-( পঞ্চাশ হাজার আটশত উনপঞ্চাশ) টাকার মূল্যানুমান অনুমোদন ।

**গৃহীত সিদ্ধান্তঃ** শহীদ রমিজ উদ্দিন স্কুলের পূর্ব ব্লকের দরজা তৈরী ও স্থাপনের জন্য ৪৯,৮৭৩/- (উনপঞ্চাশ হাজার আটশত তিয়াত্তর) টাকার মূল্যানুমান সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হইল। চূড়ান্ত অনুমোদনের জন্য বিষয়টি সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হউক ।

**[প্রস্তা]ব নং-১৪ঃ** জোয়ারসাহারা ডি ও এইচ এস এলাকায় কমিউনিটি সেন্টার ও ক্লাব নির্মাণের ব্যাপারে সদস্য-সচিব, ডি ও এইচ এস এতহক কমিটির ২৮-৫-৯৮ইং তারিখের পত্রটি আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ।

**গৃহীত সিদ্ধান্তঃ** সংশ্লিষ্ট পত্রের বিষয়ে বোর্ড সভায় বিস্তারিত আলোচনা হইল। আলোচনান্তে জোয়ারসাহারা ডি ও এইচ এস এলাকায় কমিউনিটি সেন্টার ও ক্লাব একই ভবনে নির্মাণের ব্যাপারে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হইল ।

৫ম পৃঃ দ্রঃ

সাব নং-১৫ঃ জোয়ারসাহারা ডি ও এইচ এস এলাকায় ব্রাঞ্চ পোষ্ট অফিস এবং এডহক কমিটির সদস্যদের জন্য একটি কক্ষ নির্মাণের ব্যাপারে সদস্য-সচিব, ডি ও এইচ এস এডহক কমিটির ২৮-৫-৯৮ ইং তারিখের পত্রটি আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ।

ীত সিদ্ধান্তঃ প্রস্তাবিত বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হইল। আলোচনান্তে সেনাকল্যাণ সংস্থা কর্তৃক নির্মিতব্য ভবনের পার্শ্বের খালি জায়গায় জোয়ারসাহারা ডি ও এইচ এস সাব-পোষ্ট অফিস এবং এডহক কমিটির জন্য একটি কক্ষ নির্মাণের প্রস্তাব সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হইল ।

প্রস্তাব নং-১৬ঃ রজনীগন্ধা সুপার মার্কেটের 'এ' ব্লকের দোতলায় ৩টি দোকান নির্মাণ করণের ৬,০০,৪৮৩/-(ছয় লক্ষ চারশত তিরাশি)টাকার মূল্যানুমান অনুমোদন করণ ।

গৃহীত সিদ্ধান্তঃ বিষয়টির উপর বিস্তারিত আলোচনা হইল। আলোচনান্তে সুপার মার্কেটের 'এ' ব্লকের দোতলায় ৩(তিন)টি দোকান নির্মাণ করনের ৬,০০,৪৮৩/-(ছয় লক্ষ চারশত তিরাশি)টাকার মূল্যানুমান সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হইল। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হউক ।

প্রস্তাব নং-১৭ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকার কার্পেটিং রোড ও ড্রেন মেরামত করণের ৫,৩৮,৮০৬/-(পাঁচ লক্ষ আটত্রিশ হাজার আটশত ছয়)টাকার মূল্যানুমান অনুমোদন করণ ।

গৃহীত সিদ্ধান্তঃ বিষয়টির উপর বিস্তারিত আলোচনা হইল। আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকার কমার্শিয়াল বিল্ডিং(ব্রডওয়ে বিল্ডিং) এর পশ্চিম এবং উত্তর পার্শ্বে রাস্তা কার্পেটিং ও রিকসা স্ট্যান্ড নির্মাণের অনুমোদিত ৫,৪২,৬০৬/-(পাঁচ লক্ষ বিয়াল্লিশ হাজার ছয়শত ছয়)টাকার মূল্যানুমানের সহিত উক্ত ক্যান্টনমেন্ট বাজার এলাকার রাস্তা কার্পেটিং ও ড্রেন মেরামত করণের ৫,৩৮,৮০৬/-(পাঁচ লক্ষ আটত্রিশ হাজার আটশত ছয়)টাকার মূল্যানুমানসহ (৫,৪২,৬০৬/-+৫,৩৮,৮০৬/-)=টাকা সর্বমোট =১০,৮১,৪১২/-(দশ লক্ষ একাশি হাজার চারশত বার)টাকার সংশোধিত মূল্যানুমান সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হইল। চূড়ান্ত অনুমোদনের জন্য বিষয়টি সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হউক ।

প্রস্তাব নং-১৮ঃ বাংলাদেশ ইন্টারন্যাশনাল স্কুলের জন্য একটি 'ক্যানন' ফটোকপিয়ার মেশিন সরবরাহের নিমিত্তে ২২-৬-৯৮ইং তারিখে অত্র দপ্তরের রক্ষিত দরপত্র বাক্সে মোট ৩(তিন)টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে কল কুইক এন্টারপ্রাইজ, ৫৩ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা কর্তৃক দাখিলকৃত ১,০৪,০০০/-(এক লক্ষ চার হাজার)টাকার সর্বনিম্ন দরপত্র অনুমোদনকরণ ।

গৃহীত সিদ্ধান্তঃ বোর্ড সভায় বিস্তারিত আলোচনান্তে বাংলাদেশ ইন্টারন্যাশনাল স্কুলের জন্য একটি 'ক্যানন' ফটোকপিয়ার মেশিন সরবরাহের নিমিত্তে ২২-৬-৯৮ইং তারিখে প্রাপ্ত ৩(তিন)টি দরপত্রের মধ্যে কল কুইক এন্টারপ্রাইজ, ৫৩ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা কর্তৃক দাখিলকৃত ১,০৪,০০০/-(এক লক্ষ চার)হাজার)টাকার সর্বনিম্ন দরপত্র সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হইল। চূড়ান্ত অনুমোদনের জন্য বিষয়টি সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হউক ।

প্রস্তাব নং-১৯ঃ বাংলাদেশ ইন্টারন্যাশনাল স্কুলের বার্ষিক ম্যাগাজিন প্রকাশের নিমিত্তে ১,৪০,০০০/-(এক লক্ষ চল্লিশ হাজার)টাকার মুদ্রণ ব্যয় অনুমোদনকরণ ।

গৃহীত সিদ্ধান্তঃ বিষয়টি নিয়া বোর্ড সভায় বিস্তারিত আলোচনা হইল। আলোচনান্তে বাংলাদেশ ইন্টারন্যাশনাল স্কুলের বার্ষিক ম্যাগাজিন প্রকাশের নিমিত্তে ম্যাগাজিন মুদ্রণ বাবদ ১,৪০,০০০/-(এক লক্ষ চল্লিশ হাজার)টাকার ব্যয় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হইল। চূড়ান্ত অনুমোদনের জন্য বিষয়টি সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হউক ।

পঃ পৃঃ দ্রঃ

**প্রস্তাব নং-২০ঃ** বাংলাদেশ ইন্টারন্যাশনাল স্কুলের জন্য ১২(বার) আসন বিশিষ্ট একটি মাইক্রোবাস সরবরাহের নিমিত্তে জাতীয় দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশিত হয়। উক্ত প্রেক্ষিতে ২৮-৬-৯৮ইং তারিখে অত্র দপ্তরের রক্ষিত দরপত্র বাক্সে মোট ৩(তিন)টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে টাইও অটোকার সেলস্ কোং, ২৪ বিজয় নগর, ঢাকা কর্তৃক দাখিলকৃত ৫,৫০,০০০/-(পাঁচ লক্ষ পঞ্চাশ হাজার)টাকার সর্বনিম্ন দরপত্র অনুমোদনকরণ ।

**গৃহীত সিদ্ধান্তঃ** সংশ্লিষ্ট বিষয়ে বিস্তারিত আলোচনান্তে বাংলাদেশ ইন্টারন্যাশনাল স্কুলের জন্য একটি মাইক্রোবাস সরবরাহের নিমিত্তে জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশিত বিজ্ঞপ্তির আলোকে ২৮-৬-৯৮ইং তারিখে ৩(তিন)টি দরপত্র পাওয়া যায়। মধ্যে টাইও অটোকার সেলস কোং ২৪, বিজয় নগর, ঢাকা কর্তৃক দাখিলকৃত ৫,৫০,০০০/-(পাঁচলক্ষ পঞ্চাশ হাজার)টাকার সর্বনিম্ন দরপত্র সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হইল। চূড়ান্ত অনুমোদনের জন্য বিষয়টি সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হউক ।

**প্রস্তাব নং-২১ঃ** বাংলাদেশ ইন্টারন্যাশনাল স্কুলের জন্য ৩(তিন) সেট কম্পিউটার মেশিন সরবরাহের নিমিত্তে জাতীয় দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশের প্রেক্ষিতে ২৫-৬-৯৮ইং তারিখে অত্র দপ্তরে রক্ষিত দরপত্র বাক্সে মোট ৫(পাঁচ)টি দরপত্র পাওয়া যায়। উক্ত দরপত্রের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ।

**গৃহীত সিদ্ধান্তঃ** প্রস্তাবিত বিষয়ে বিশদ আলোচনা হইল। আলোচনান্তে বাংলাদেশ ইন্টারন্যাশনাল স্কুলের জন্য ৩(তিন) সেট কম্পিউটার মেশিন সরবরাহের নিমিত্তে জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশিত বিজ্ঞপ্তির আলোকে দাখিলকৃত ৫(পাঁচ)টি দরপত্রের উদ্ধৃত দর অধিক বেশী প্রতীয়মান হয়। সংশ্লিষ্ট দরপত্রদাতাদের মধ্যে সর্বনিম্ন দরপত্র দাতা স্টার কম্পিউটার সিস্টেমস্, ১০০, শান্তি নগর, ঢাকা প্রতি কম্পিউটার সেট ৩৫,০০০/-(পঁয়ত্রিশ হাজার)টাকা হিসাবে ৩(তিন) সেট কম্পিউটার মেশিন =১,০৫,০০০/-(এক লক্ষ পাঁচ হাজার)টাকায় সরবরাহ করিতে সম্মত থাকিলে তাহার সম্মতিপত্র প্রাপ্তি সাপেক্ষে পরবর্তী কার্যক্রম গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হইল।

**প্রস্তাব নং-২২ঃ** মহাখালী ডি ও এইচ এস এলাকার প্লট নং-২১১, ২১৪ এবং ২১৭ এর উত্তর পার্শ্বে প্যালাসাইডিংয়ের কাজে নিয়োজিত ঠিকাদার মেসার্স পুখিপত্র ট্রেডিং কর্পোরেশন দ্বারা প্লট নং ১৯৯/এ এর উত্তর পার্শ্বে ৩৯,০২০/-(উনচল্লিশ হাজার বিশ)টাকার কাজ সম্পাদনের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ।

**গৃহীত সিদ্ধান্তঃ** বিষয়টি সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে ঐ এলাকার প্যালাসাইডিংয়ের কাজে নিয়োজিত ঠিকাদার মেসার্স পুখিপত্র ট্রেডিং কর্পোরেশন যদি পূর্বেকার অনুমোদিত দর ২২% উর্দ্ধে কাজ করিতে সম্মত থাকে তাহা হইলে উক্ত ফার্মের দ্বারা মহাখালী ডি ও এইচ এস এলাকার প্লট নং-১৯৯/এ এর উত্তর পার্শ্বের ৩৯,০২০/-(উনচল্লিশ হাজার বিশ )টাকার প্যালাসাইডিংয়ের কাজটি সম্পন্ন করণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হইল ।

**প্রস্তাব নং-২৩ঃ** মহাখালী ডি ও এইচ এস এলাকার ৩০ নং রোডের কার্পেটিংয়ের কাজ সম্পন্নকৃত ঠিকাদার মেসার্স ইমেল এন্টারপ্রাইজের দ্বারা ঐ এলাকার রোড নং-০৩, ০৪ হইতে ০২ এর সংযোগ এবং রোড নং-১৯/সি মেরামত ও কার্পেটিংয়ের (১,৮৭,০৫১/-+১,১৩,৫২৫/-) টাকা সর্বমোট =৩,০০,৮৭৬/-(তিন লক্ষ আটশত ছিয়াত্তর)টাকার কাজ সম্পাদনের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ।

**গৃহীত সিদ্ধান্তঃ** বিষয়টি সভায় বিস্তারিত আলোচনা হইল। আলোচনান্তে কাজ ২টি দরপত্র আহবানের মাধ্যমে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হইল ।

৭ম পৃঃ দ্রঃ

**প্রস্তাব নং-২৪ঃ** মহাখালী ডি ও এইচ এস এলাকার লেইন নং-১৫ এর কার্পেটিংয়ের কাজে মাত্র দুইটি দরপত্র পাওয়া যায়। এব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ।

**গৃহীত সিদ্ধান্ত ঃ** বিষয়টি সম্পর্কে বিস্তারিত আলোচনা হইল।আলোচনান্তে পুনরায় দরপত্র আহবানের সিদ্ধান্ত গৃহীত হইল।

**প্রস্তাব নং-২৫ঃ** বনানী ডি ও এইচ এস এলাকার মসজিদ হইতে উত্তর দিকে রেল লাইন বরাবর প্লট নং-১০৮ এর উত্তর প্রান্ত পর্যন্ত বাউন্ডারী ওয়াল নির্মাণের ১১,১৬,৫০০/-(এগার লক্ষ ষোল হাজার পাঁচশত)টাকার মূল্যানুমান অনুমোদন করণ ।

**গৃহীত সিদ্ধান্ত ঃ** বিষয়টি সম্পর্কে সভায় বিস্তারিত আলোচনা হইল।উত্তর পার্শ্বের প্লটগুলির বাউন্ডারী বাদ দিয়া মসজিদ হইতে উত্তর দিকে বাউন্ডারী ওয়াল ও গেইট নির্মাণের মূল্যানুমান পরবর্তী বোর্ড সভায় উপস্হাপন করার সিদ্ধান্ত গৃহীত হইল ।

**প্রস্তাব নং-২৬ঃ** ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড ও বোর্ড নিয়ন্ত্রিত বিদ্যালয়সমূহের শিক্ষক/শিক্ষিকা ও কর্মচারীদের পেনশনের অপশনপত্র বিবেচনা ও অনুমোদনকরণ ।পেনশনের অনুকুলে অপশনপত্র ও নামের তালিকা বোর্ড সভায় উপস্হাপন করা হইল ।

**গৃহীত সিদ্ধান্তঃ** প্রস্তাবিত বিষয়ে বোর্ড সভায় বিস্তারিত আলোচনা হইল। আলোচনান্তে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড ও বোর্ড নিয়ন্ত্রিত বিদ্যালয়সমূহের নিম্নলিখিত শিক্ষক/শিক্ষিকা ও কর্মচারীদের পেনশনের অনুকুলে অপশনপত্র সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হইল ।চূড়ান্ত অনুমোদনের জন্য বিষয়টি সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হউক ।

| ক্রমিক নং | নাম | পদবী |
|---|---|---|
| ১। | জনাব মোঃ আতামুদ্দিন | ঝাড়ুদার |
| ২। | " মোঃ নুর মোহাম্মদ (২) | ,, |
| ৩। | " মোঃ ফজলুল হক | ,, |
| ৪। | " মোঃ তোরাব আলী (১) | ,, |
| ৫। | বেগম ছয়ফুল বিবি | ,, |
| ৬। | মরহুম মোঃ আবু শামা | ,, |
| ৭। | জনাব মোঃ আবদুল কাদের | ,, |
| ৮। | " মোঃ আলতাফ হোসেন | ,, |
| ৯। | " মোঃ হায়দার আলী | ,, |
| ১০। | " মোঃ আবদুল মোতালেব | ,, |
| ১১। | " মোঃ কবির উদ্দিন | ,, |
| ১২। | " মোঃ ওবায়েদ উল্লাহ | মালী |
| ১৩। | " মোঃ মোসলেম উদ্দিন | ,, |
| ১৪। | " মোঃ মোসলেহ উদ্দিন | কবরস্হান চৌকিদার |
| ১৫। | বেগম লুৎফুন নেছা | স্টাফ নার্স |
| ১৬। | " নুরজাহান বেগম | ,, |
| ১৭। | " শিখারাণী দাস | নার্সিং এ্যাসিস্টেন্ট |
| ১৮। | জনাব মোঃ আলতাফ হোসেন শিকদার | ঝাড়ুদার |
| ১৯। | কাজী মোতাহার হোসেন | সহকারী শিক্ষক |
| ২০। | জনাব মতিউর রহমান ভূঁইয়া | ,, |
| ২১। | বেগম রহিমা আওশর | ,, |
| ২২। | জনাব মোঃ শামসুদ্দিন | ,, |
| ২৩। | বেগম মোহতেশাম আরা | ,, |
| ২৪। | বেগম হোসনে আরা বেগম | ,, |
| ২৫। | শেখ তাজুল ইসলাম | জুনিয়র শিক্ষক |

৮ম পৃঃ দ্রঃ

| ক্রমিক নং | নাম | পদবী |
|---|---|---|
| ২৬। | বেগম লুৎফুন নাহার | জুনিয়র শিক্ষিকা |
| ২৭। | বাবু গৌর কানু ঘোষ | ,, |
| ২৮। | বেগম ফাতেমা আওশর বানু | সহঃ শিক্ষিকা |
| ২৯। | জনাব এ টি এম নুরুল্লাহ | ধর্মীয় শিক্ষক (সিনিয়র) |
| ৩০। | বেগম রাশেদা বেগম | সহঃ শিক্ষিকা |
| ৩১। | শ্রীমতি মঞ্জুশ্রী সরকার | ,, |
| ৩২। | বেগম নাসিমা সুলতানা | ,, |
| ৩৩। | জনাব এস এম জয়নুল আবেদীন | ,, |
| ৩৪। | বেগম হাসিনা খানম | ,, |
| ৩৫। | " চাঁদ সুলতানা রহিমা খানম চৌধুরী | ,, |
| ৩৬। | জনাব ডি এম হাবিবুর রহমান | ,, |
| ৩৭। | বেগম হাসিনা ফরহাদ | জুনিয়র শিক্ষিকা |
| ৩৮। | " ফাতেমা কানিজ | ,, |
| ৩৯। | জনাব আমিনুল হক ভূঁইয়া | সহকারী শিক্ষক |
| ৪০। | বেগম মনোয়ারা বেগম | জুনিয়র শিক্ষিকা |
| ৪১। | মোসাম্মৎ সাকিনা বেগম | ,, |
| ৪২। | " নাসরীন মমতাজ চৌধুরী | ,, |
| ৪৩। | " আয়েশা খাতুন | ,, |
| ৪৪। | জনাব মোঃ ফয়েজ উদ্দিন | দপ্তরী |
| ৪৫। | মোসাম্মৎ সাঈদা বেগম | আয়া |
| ৪৬। | জনাব গোলাম মোস্তফা | নিম্নমান সহঃ-কাম-মুদ্রাক্ষরিক |
| ৪৭। | " নুর মোহাম্মদ মোল্লা | হিসাব করণিক |
| ৪৮। | " মোঃ শহীদুল্লাহ | ঝাড়ুদার। |

**প্রস্তাব নং-২৭ঃ** নিম্নলিখিত ফার্মগুলি অত্র দপ্তরে তালিকাভুক্তি প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ঃ-

(ক) মেসার্স আলিফ লাম মিম
জগতপুর, বজরাপুর, দিনাজপুর।

(খ) মেসার্স ইসলাম এন্টারপ্রাইজ
২২/১, আনন্দ রোড, দক্ষিণ/পূর্ব ইব্রাহীমপুর, ঢাকা ক্যান্টনমেন্ট।

(গ) মেসার্স প্রগতি প্রকৌশলী
৬৯০, ইব্রাহিমপুর, ঢাকা ক্যান্টনমেন্ট।

(ঘ) মেসার্স ইউথ এন্টারপ্রাইজ
৯১১/১, সেওড়াপাড়া, মিরপুর-১০, ঢাকা।

(ঙ) মেসার্স জাহাংগীর এন্টারপ্রাইজ
আলেখার চর, কুমিল্লা।

**গৃহীত সিদ্ধান্তঃ** প্রস্তাবিত বিষয়ে বোর্ড সভায় বিস্তারিত আলোচনা হইল। আলোচনান্তে সম্মানিত বোর্ড সদস্য লেঃ কর্ণেল (অবঃ) মোঃ সামসুদ্দিন আহমেদ এবং ক্যান্টনমেন্ট ইঞ্জিনিয়ার কর্তৃক প্রস্তাবিত ০৫(পাঁচ)টি ফার্মকে ১৯৯৮-৯৯ইং সালের জন্য ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ১ম শ্রেণীর ঠিকাদার হিসাবে তালিকাভুক্তি করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হইল।

৯ম পৃঃ দ্রঃ

প্রস্তাব নং-২৮ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত প্রকল্পের দর অনুমোদনকরণ ঃ

| ক্রমিক নং | কাজের বিবরণ | মূল্যানমান এম ই এস সিডিউল অব রেইটস, ১৯৯৫ইং অনুযায়ী | সর্বনিম্ন দর প্রদানকারী ফার্মের নাম | সর্বনিম্ন দর |
|---|---|---|---|---|
| (১) | ক্যান্টনমেন্ট বোর্ড নিয়ন্ত্রিত রজনীগন্ধা সুপার মার্কেটের দোতলার পশ্চিম পার্শ্বে ৪২/এ নং দোকানসহ ভাংগা সিঁড়িটির পরিবর্তে দোতলা ভবনের পূর্ব দিকে একটি বিকল্প সিঁড়ি নির্মাণ করণ। | = ২,৭৪,৬৩৮·০০ টাকা | মেসার্স সেভেন সিরীজ এন্টারপ্রাইজ | ২৪%উর্ধ্বে |
| (২) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১০৩ নং ভবনের নীচতলার মেরামত ও রক্ষণাবেক্ষনকরণ। | = ৪৭,৬০২·০০ " | মেসার্স কালাম ট্রেডার্স | ১৮% উর্ধ্বে |
| (৩) | মুসলিম মডার্ণ একাডেমীর মেরামত ও রক্ষণাবেক্ষনকরণ। | = ৩৮,৮৭২·০০ " | মেসার্স নাহার ট্রেডিং ইন্টারন্যাশনাল। | ১৭% উর্ধ্বে |
| (৪) | জোয়ারসাহারা ডি ও এইচ এস এলাকার নতুন স্থাপিত বৈদ্যুতিক পোলে নিরাপত্তা বাতি স্থাপন। | = ২৫,৫১৪·০০ " | মেসার্স ইমেল এন্টারপ্রাইজ | ১৫% উর্ধ্বে |
| (৫) | সেনাপল্লী উচ্চ বিদ্যালয়ের মেরামত ও রক্ষণাবেক্ষনকরণ। | = ৪৮,২৯০·০০ " | মেসার্স নাহার ট্রেডিং ইন্টারন্যাশনাল | ১৭% উর্ধ্বে |
| (৬) | মহাখালী ডিওএইচএস এলাকার বাংলাদেশ ইন্টারন্যাশনাল স্কুলের রাস্তা কার্পেটিংকরণ। | = ১,৬১,৪৯৪·০০ " | মেসার্স মনি ট্রেডিং কর্পোরেশন | ১৮% উর্ধ্বে |

গৃহীত সিদ্ধান্তঃ
(১) ২১% উর্ধ দর অনুমোদিত
(২) ১৫% উর্ধ দর অনুমোদিত
(৩) ১৫% উর্ধ দর অনুমোদিত
(৪) ১৫% উর্ধ দর অনুমোদিত
(৫) ১৫% উর্ধ দর অনুমোদিত
(৬) ১৫% উর্ধ দর অনুমোদিত। ইহাছাড়াও রাস্তাটি ১৮'-০" প্রশস্ত করিয়া উহার সংশোধিত মূল্যানুমান চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হইল।

প্রস্তাব নং-২৯ঃ বিবিধ ঃ

(১) রজনীগন্ধা সুপার মার্কেটের পশ্চিম পার্শ্বে মিরপুর রোড সংলগ্ন স্থানে গাড়ী পার্কিংয়ের জন্য হার্ডস্ট্যান্ড ইজারার ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

(২) ক্যান্টনমেন্ট বোর্ড বিল্ডিং নং-৭(সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর) সম্প্রসারণ কাজ মেসার্স এস আলম এন্টারপ্রাইজ কর্তৃক না করা সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

(৩) জোয়ারসাহারা ডি ও এইচ এস এলাকার বারিধারা সংযোগ সড়কে নিরাপত্তা বাতি স্থাপন কাজ মেসার্স বি এম ট্রেডার্স কর্তৃক না করা সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

(৪) ক্যান্টনমেন্ট বোর্ড অফিস সংলগ্ন ২টি সেমীপাকা বাসস্থান নির্মাণ করণের মূল্যানুমান অনুমোদনকরণ।

(৫) ক্যান্টনমেন্ট বোর্ড নিয়ন্ত্রিত রজনীগন্ধা সুপার মার্কেটের দোতলার পশ্চিম পার্শ্বে ভাংগা সিঁড়িটির পরিবর্তে দোতলা ভবনের পূর্ব দিকে প্রস্তাবিত বিকল্প সিঁড়িটির সংশোধিত নকশা অনুমোদনকরণ।

১০ম পৃঃ দ্রঃ

(৬) বাংলাদেশ ইন্টারন্যাশনাল স্কুলের খসড়া স্টাফ রুলস ও সংবিধান অনুমোদন করণ।

(৭) ঢাকা সেনানিবাসের প্রধান সড়ক শহীদ সরণীর জলাবদ্ধতার সমস্যা দূরীকরণকল্পে কারিগরী পরামর্শ/মতামতের বিষয়ে ৩টি কনসালটিং ফার্মের নিকট হইতে দরপত্র পাওয়া গিয়াছে। এব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ।

(৮) মহাখালী ডি ও এইচ এস এলাকার ২০০ নং প্লটের মালিক লেঃ জেনারেল নুরউদ্দীন খান (অবঃ) কর্তৃক দাখিলকৃত সংশোধিত নকশা অনুমোদনের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ।

(৯) মরহুম মেজর(অবঃ) রুহুল আমিন সিদ্দীক এর কবর পাকা করার জন্য মরহুমের স্ত্রী মিসেস হাসিনা বেগমের ২৫-৫-৯৮ইং তারিখের আবেদনটি বিবেচনা করা ।

(১০) মরহুম মেজর(অবঃ) রুহুল আমিন এর কবরের পার্শ্বে মরহুমের স্ত্রী মিসেস হাসিনা বেগম এর কবরের জায়গা রিজার্ভ রাখা প্রসংগে মিসেস হাসিনা বেগমের ২৫-৫-৯৮ইং তারিখের আবেদনের উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ।

(১১) স্ত্রীর কবরের পার্শ্বে নিজের কবরের জায়গা রিজার্ভ রাখা প্রসংগে ব্রিগেডিয়ার জে আই তরফদার (অবঃ) এর ১৭-৫-৯৮ইং তারিখের আবেদনের উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

(১২) মরহুম লেঃ কর্ণেল মোসাদ্দেক আলীর কবর পাকা করণ প্রসংগে তাহার স্ত্রী মিসেস দিলরুবা ইয়াসমিনের ২০-৫-৯৮ইং তারিখের আবেদন প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ।

(১৩) মরহুম এ কে মোহাম্মদ রিয়াজ এর কবর পাকা করার ব্যাপারে মরহুমের ভাই মেজর এ কে এম গোলাম রাব্বানীর ২২-৬-৯৮ইং তারিখের আবেদনের উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ।

(১৪) মরহুম লেঃ কর্ণেল তাইমুজউদ্দিন লস্কর এর কবর পাকা করনের জন্য তাহার স্ত্রী মিসেস শামসুন্নাহার এর গত ১৪-৬-৯৮ইং তারিখের আবেদনের উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ।

(১৫) কর্ণেল শামসুজ্জাহান চৌধুরী এর ছেলে মরহুম এনামুজ্জাহান এর কবর পাকা করার ব্যাপারে তাঁহার ১৪-৬-৯৮ইং তারিখের আবেদনের উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ।

(১৬) জোয়ারসাহারা ডিওএইচএস এলাকায় ইস্টার্ণ বাউন্ডারী সড়কের সহিত এয়ারপোর্ট রোডের সংযোগ সড়ক পি ও এল ডিপো ও ট্রানজিট ক্যাম্পের মধ্যবর্তী স্থান দিয়া নির্মাণের ব্যাপারে সদস্য-সচিব, ডিওএইচএস এডহক কমিটির ২৬-৬-৯৮ইং তারিখের পত্রটি আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ।

(১৭) ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন সড়কে মেঘাসাইন বোর্ড স্থাপনের ইজারা নবায়নের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ।

(১৮) ডিওএইচএস, জোয়ারসাহারা এলাকার নর্দাণ রোড হইতে রেল লাইন বরাবর শহীদ বাশার রোডের পূর্ব প্রান্ত পর্যন্ত সড়ক নির্মাণের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ।

গৃহীত সিদ্ধান্তঃ বিবিধ ।

(১) বিষয়টির উপর বিস্তারিত আলোচনা হইল। আলোচনান্তে রজনীগন্ধা সুপার মার্কেটের নব-নির্মিত গাড়ী পার্কিং স্থান ইজারা প্রদানের বিষয়টি সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হইল। উক্ত পার্কিং স্থান ইজারা প্রদানের পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হউক ।

(২) বিষয়টির উপর বোর্ড সভায় বিস্তারিত আলোচনা হইল। আলোচনান্তে ক্যান্টনমেন্ট বোর্ড বিল্ডিং নং-৭(সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর) এর সম্প্রসারণ কাজের সর্বনিম্ন দরপত্রদাতা মেসার্স এস আলম এন্টারপ্রাইজ কর্তৃক কার্যাদেশ মোতাবেক কাজটি সম্পাদন না করায় কাজটি সত্বর বাস্তবায়নের জন্য পুনঃদরপত্র আহবান করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হইল। আরো সিদ্ধান্ত গৃহীত হইল যে, গত ১০-৫-৯৮ইং তারিখে অনুষ্ঠিত বোর্ড সভার ৫৬-বিবিধ(২২) নং গৃহীত সিদ্ধান্তে গঠিত কমিটির সুপারিশ অনুযায়ী মেসার্স এস আলম এন্টারপ্রাইজ কর্তৃক দাখিলকৃত জামানত বাজেয়াপ্তসহ আগামী জুন, ১৯৯৯ইং মেয়াদকাল পর্যন্ত উক্ত প্রতিষ্ঠানকে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন কোন দরপত্রে অংশ গ্রহণ করিতে দেওয়া হইবে না ।

১১তম পৃঃ দ্রঃ

(৩) বিষয়টির উপর বোর্ড সভায় বিস্তারিত আলোচনা হইল। আলোচনান্তে জোয়ারসাহারা ডিওএইচএস এলাকার বারিধারা সংযোগ সড়কে বিদ্যুতের বাতি স্থাপন কাজের সর্বনিম্ন দরপত্রদাতা মেসার্স বি এম ট্রেডার্স কর্তৃক কার্যাদেশ মোতাবেক কাজটি সম্পাদন না করায় উক্ত কাজ সত্বর বাস্তবায়নের জন্য পুনঃদরপত্র আহবান করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হইল। আরো সিদ্ধান্ত গৃহীত হইল যে, গত ১০-৫-৯৮ইং তারিখে অনুষ্ঠিত বোর্ড সভার ৫৩-বিবিধ(২২) নং গৃহীত সিদ্ধান্তে গঠিত কমিটির সুপারিশ অনুযায়ী মেসার্স বি এম ট্রেডার্স কর্তৃক দাখিলকৃত জামানত বাজেয়াপ্তসহ আগামী জুন,১৯৯৯ইং মেয়াদকাল পর্যন্ত উক্ত প্রতিষ্ঠানকে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন কোন দরপত্রে অংশগ্রহণ করিতে দেওয়া হইবে না ।

(৪) ক্যান্টনমেন্ট বোর্ড অফিস সংলগ্ন ২টি সেমিপাকা বাসস্থান নির্মাণকরণের ৩,০০,০০০/- (তিন লক্ষ)টাকার মূল্যানুমান সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হইল। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হউক ।

(৫) বিষয়টির উপর বিস্তারিত আলোচনা হইল। আলোচনান্তে ক্যান্টনমেন্ট বোর্ড নিয়ন্ত্রিত রজনীগন্ধা সুপার মার্কেটের দোতলার দক্ষিণ পার্শ্বের ভাংগা সিঁড়িটির পরিবর্তে দোতলা ভবনের পূর্ব দিকে প্রস্তাবিত বিকল্প সিঁড়িটির সংশোধিত নকশা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হইল ।

(৬) বিষয়টির উপর বোর্ড সভায় বিস্তারিত আলোচনা হইল। আলোচনান্তে বাংলাদেশ ইন্টারন্যাশনাল স্কুলের খসড়া স্টাফ রুলস্ ও সংবিধান সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হইল। চূড়ান্ত অনুমোদনের জন্য বিষয়টি সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হউক ।

(৭) বিষয়টি সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে ঢাকা সেনানিবাসের প্রধান সড়ক শহীদ সরণীর জলাবদ্ধতা সমস্যা দূরীকরণকল্পে কারিগরী পরামর্শ/মতামতের জন্য ৩টি প্রতিষ্ঠানের নিকট হইতে যে দরপত্র পাওয়া গিয়াছে তন্মধ্যে ইকোনমিক ডিজাইন কনসালটেন্টস লিমিটেড সংশ্লিষ্ট কাজের অভিজ্ঞতা সম্পন্ন ও যোগ্য বলিয়া প্রতীয়মান হওয়ায় উক্ত ফার্ম কর্তৃক দাখিলকৃত ২,৮৫,০০০/-(দুই লক্ষ পঁচাশি হাজার)টাকার দর সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হইল। চূড়ান্ত অনুমোদনের জন্য বিষয়টি সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হউক ।

(৮) বিষয়টি সভায় বিস্তারিত আলোচনা হইল। আলোচনান্তে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হইল যে, মহাখালী ডিওএইচএস এলাকার ২০০ নং প্লটের জন্য দাখিলকৃত সংশোধিত নকশা অনুমোদনের বিষয়ে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের 'ইমারত নির্মাণ উপ-আইন' অনুসরণপূর্বক ব্যবস্থা নেওয়া হউক ।

(৯) মরহুম মেজর(অবঃ) রুহুল আমিন সিদ্দিক এর কবর পাকা করার জন্য মরহুমের স্ত্রী মিসেস হাসিনা বেগমের ২৫-৫-৯৮ইং তারিখের আবেদনপত্র আলোচনান্তে অনুমোদন করা হইল ।

(১০) মরহুম মেজর(অবঃ) রুহুল আমিন এর কবরের পার্শ্বে মরহুমের স্ত্রী মিসেস হাসিনা বেগমের কবরের জায়গা রিজার্ভ রাখা প্রসংগে মিসেস হাসিনা বেগমের ২৫-৫-৯৮ইং তারিখের আবেদনপত্র বিবেচনা করা গেল না ।

(১১) স্ত্রীর কবরের পার্শ্বে নিজের কবরের জায়গা রিজার্ভ রাখা প্রসংগে ব্রিগেডিয়ার জে আই তরফদার(অবঃ) এর ১৭-৫-৯৮ইং তারিখের আবেদনপত্র বিবেচনা করা গেল না।

(১২) মরহুম লেঃ কর্নেল মোসাদ্দেক আলীর কবর পাকা করণ প্রসংগে তাহার স্ত্রী মিসেস দিলরুবা ইয়াসমিনের ২০-৫-৯৮ইং তারিখের আবেদনপত্র আলোচনান্তে অনুমোদন করা হইল।

(১৩) মরহুম এ কে মোহাম্মদ রিয়াজ এর কবর পাকা করার ব্যাপারে মরহুমের ভাই মেজর এ কে এম গোলাম রাব্বানীর ২২-৬-৯৮ইং তারিখের আবেদনপত্র আলোচনান্তে অনুমোদন করা হইল।

(১৪) মরহুম লেঃ কর্নেল তাইমুরউদ্দিন লস্কর এর কবর পাকা করনের জন্য তাহার স্ত্রী মিসেস শামসুন্নাহার এর গত ১০-৬-৯৮ইং তারিখের আবেদনপত্র আলোচনান্তে অনুমোদন করা হইল।

(১৫) কর্নেল শামসুজ্জাহান চৌধুরী এর ছেলে মরহুম এনামুজ্জাহান এর কবর পাকা করার ব্যাপারে তাঁহার ১৩-৬-৯৮ইং তারিখের আবেদনপত্র বিবেচনা করা গেল না ।

১২তম পৃঃ দ্রঃ

(১৬) সংশ্লিষ্ট বিষয়ে বোর্ড সভায় বিস্তারিত আলোচনা হইল। আলোচনান্তে জোয়ারসাহারা ডি ও এইচ এস এলাকায় ইস্টার্ণ বাউন্ডারী সড়কের সহিত এয়ারপোর্ট রোডের সংযোগ সড়ক পি ও এল ডিপো ও ট্রানজিট ক্যাম্পের মধ্যবর্তী স্থান দিয়া নির্মানের একটি স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হইল।

(১৭) প্রস্তাবিত বিষয়ে বোর্ড সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে সিদ্ধান্ত গৃহীত হইল যে, সরকারী সিদ্ধান্তের প্রেক্ষিতে সড়ক বিভাগ কর্তৃক সড়ক সম্প্রসারণের আওতায় অন্তর্ভুক্ত সীমানা ব্যতীত যদি কোন মেগাসাইন বোর্ড পূর্বের বরাদ্দের মধ্যে অবশিষ্ট থাকে, সেইগুলি পূর্বের অনুমোদিত দর অনুযায়ী নবায়ন করা হউক।

(১৮) ডি ও এইচ এস জোয়ারসাহারা এলাকার নর্দাণ রোড হইতে রেল লাইন বরাবর শহীদ বাশার রোডের পূর্ব প্রান্ত পর্যন্ত সড়ক নির্মাণের একটি স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে পুনঃ প্রেরণ করার এবং কার্যকরী ব্যবস্থা গ্রহণ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হইল।

অদ্যকার সভায় আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি কর্তৃক উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জ্ঞাপনান্তে সভার সমাপ্তি ঘোষিত হইল।

(স্বাক্ষরিত) ২১/৯/৯৮
(শফিক আলম মেহেদী)
ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার
ও
সেক্রেটারী
ক্যান্টনমেন্ট বোর্ড, ঢাকা ক্যান্টনমেন্ট।

(স্বাক্ষরিত) ২১/৯/৯৮
(কর্ণেল আবদুস সালাম চৌধুরী)
প্রেসিডেন্ট
ক্যান্টনমেন্ট বোর্ড
ও
স্টেশন কমান্ডার, ঢাকা সেনানিবাস।